

ার্যা নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১১৭) কুরআন মাজীদে আমলনামা পেশ ও হিসাবের ধরণ কিভাবে বর্ণনা করা হয়েছে?

উত্তরঃ কিয়ামতের দিন বান্দার আমলনামা প্রদান ও হিসাব সম্পর্কে আল্লাহ্ তাআলা বলেনঃ

"সেদিন তোমাদেরকে উপস্থিত করা হবে এবং তোমাদের কিছুই গোপন থাকবে না"। (সূরা আল-হাক্কাহঃ ১৮) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

''আর তাদেরকে তোমার প্রতিপালকের নিকট উপস্থিত করা হবে সারিবদ্ধভাবে এবং বলা হবেঃ তোমাদেরকে প্রথমবার যেভাবে সৃষ্টি করেছিলাম, সেভাবেই তোমরা আমার নিকট উপস্থিত হয়েছ''। (সূরা কাহফঃ ৪৮) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

"যেদিন আমি সমবেত করব প্রত্যেক সম্প্রদায় হতে এক একটি দলকে। যারা আমার নির্দেশাবলী প্রত্যাখ্যান করত এবং তাদেরকে সারিবদ্ধ করা হবে। যখন তারা সমাগত হবে, তখন আল্লাহ্ বলবেনঃ তোমরা আমার নিদর্শন প্রত্যাখ্যান করেছিলে আর ওটা তোমরা জ্ঞানায়ত্ব করতে পার নি? না তোমরা অন্য কিছু করছিলে? সীমালজ্মন হেতু তাদের উপর ঘোষিত শাস্তি এসে পড়বে। ফলে তারা কিছুই বলতে পারবে না। (সূরা আন্-নামলঃ ৮৩-৮৫) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

"আপনার প্রতিপালকের শপথ! আমি তাদেরকে জিজ্ঞেস করব তাদের কৃতকর্ম সম্পর্কে"। (সূরা হিজরঃ ৯৩) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

"তাদেরকে দাঁড় করিয়ে রাখ। তাদেরকে জিজ্ঞাসা করা হবে"। (সূরা আস্ সাফফাতঃ ২৪)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=11931

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন